

# আমার প্রিয় খেলা রচনা

## সূচনা

পৃথিবীতে ফুটবলের মতো ক্রিকেটও দিন দিন জনপ্রিয় হয়ে ওঠেছে। সর্বপ্রথম ইংল্যান্ডে এ খেলার প্রচলন হয়। শীতের মিষ্টি রোদে এ খেলা বেশ ভালো জমে। তবে বর্তমানে সারা বছরই ক্রিকেট খেলা চলে।

## উৎপত্তি

ক্রিকেট খেলা কবে থেকে শুরু হয়েছিল তা সঠিক জানা যায়নি। তবে ইংল্যান্ডে ক্রিকেট খেলা শুরু হয় হাম্পশায়ারের অন্তর্গত হাম্পারডন নামক স্থানে প্রথম ক্রিকেট দল গড়ে ওঠে। পরবর্তীতে এটি সমগ্র ব্রিটেন, অস্ট্রেলিয়া, দক্ষিণ আফ্রিকা, নিউজিল্যান্ড, ওয়েস্ট ইন্ডিজ, পাকিস্তান, বাংলাদেশ, শ্রীলঙ্কাসহ আরও অনেক জায়গায় ছড়িয়ে পড়ে।

## মাঠ ও সরঞ্জাম

ক্রিকেট খেলার মাঠটি হয় গোলাকার। মাঠের মাঝে থাকে পীচ। দুটি উইকেটের মাঝের ব্যবধান ২২ গজ। তিনটি উইকেটের মাথায় দুটি করে বেল থাকে। কাঠের ব্যাট দিয়ে, শক্ত ডিউজ বলে খেলা হয়।

## খেলোয়াড় ও পরিচালক

প্রতি দলে ১১ জন করে খেলোয়াড় থাকে। খেলার পরিচালককে বলা হয় আম্পায়ার। দুজন আম্পায়ার থাকেন। খেলার ব্যাপারে তাঁদের সিদ্ধান্তই চূড়ান্ত।

## খেলার পদ্ধতি

একদল যখন বল করে, অপর দল তখন ব্যাট করে। যে খেলোয়াড় ব্যাট দিয়ে বলে আঘাত করে তাকে বলে স্ট্রাইকার। যে খেলোয়াড় অপর দিকের উইকেটের সামনে দাঁড়িয়ে থাকে, তাকে বলে নন-স্ট্রাইকার। ব্যাটসম্যান ১ থেকে ৩ পর্যন্ত রান করতে পারে বলে আঘাত করে উভয় উইকেটের মধ্যে দৌড়িয়ে। বাউন্ডারিতে হয় ৪ রান, ওভার বাউন্ডারিতে ৬ রান। ৬ বলে এক ওভার হয়। নিয়ম অনুযায়ী বল না করলে তাকে 'নো বল' বলে। উইকেটে বল লাগলে কিংবা অন্যান্য কারণে ব্যাটসম্যান আউট হতে পারে। এক দলের যখন সবাই আউট হয়ে যায় তখন অন্য পক্ষ ব্যাট করতে নামে। যে দল বেশি রান করে সেই দল জেতে। এক দিন, তিন দিন কিংবা পাঁচ দিনেরও খেলা হয়।

## উপকারিতা

অন্যান্য খেলার মতো ক্রিকেট খেলাও আনন্দদায়ক ও স্বাস্থ্যপ্রদ। এ খেলা খেলোয়াড়দের শৃঙ্খলাবোধ, ধৈর্য, দায়িত্বজ্ঞান অর্জনের শিক্ষা দেয়।

## অপকারিতা

ক্রিকেট খেলায় যথেষ্ট ঝুঁকি রয়েছে। একটু অসাবধানতার কারণে নিষ্কিন্তু বল খেলোয়াড়কে মারাত্মকভাবে আহত করতে পারে। এমনকি মাথায় বল লেগে অনেক সময় মৃত্যুও হতে পারে।

## উপসংহার

পৃথিবীর জনপ্রিয় সব খেলার মধ্যে ক্রিকেট অন্যতম। বর্তমানে পৃথিবীতে ফুটবলের মতো যথেষ্ট জনপ্রিয়তা অর্জন করেছে। ক্রিকেট খেলায় ইংল্যান্ড, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, ওয়েস্ট ইন্ডিজ প্রভৃতি দেশের খ্যাতি সবচেয়ে বেশি। ভারতের শ্রেষ্ঠ ক্রিকেট প্রতিযোগিতা রঞ্জি ট্রফি।

BANGLAESSAY.COM